# আমাদের সময়

www.dainikamadershomoy.com

১২

রোববার ১৩ ডিসেম্বর ২০১৫ ॥ ২৯ অগ্রহায়ণ ১৪২২
৩০ সফর ১৪৩৭
বর্ষ ১১ সংখ্যা ২৪৭

তারিখ ...13 DEC 2015...
পৃষ্ঠা ...১২... কলাম ...৮...


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## স্বাস্থ্য অধিদপ্তর

মহাখালী, ঢাকা-১২১২
www.dghs.gov.bd

স্মারক নং-স্বাঃঅধিঃ/এম,এ/বিএসসি-ভর্তি/২০১৫-২০১৬/১৯৫৪ তারিখ : ১০-১২-২০১৫

## -ঃ বিজ্ঞপ্তি ঃ-

**বিষয় ঃ ২০১৫-২০১৬ ইং শিক্ষাবর্ষে ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি ঢাকা, রাজশাহী ও জনস্বাস্থ্য ইনস্টিটিউটে বিএসসি ইন হেলথ টেকনোলজির কোর্সসমূহে ছাত্র-ছাত্রী ভর্তির ফলাফল প্রকাশ।**

২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে স্বাস্থ্য অধিদপ্তরের অধীনে ভর্তি পরীক্ষায় ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি ঢাকা, রাজশাহী ও জনস্বাস্থ্য ইনস্টিটিউটে বিএসসি ইন হেলথ টেকানোলজির কোর্সসমূহে ভর্তি রোল নম্বর সম্বলিত নিম্নলিখিত প্রার্থীগণ সাময়িকভাবে ভর্তির জন্য যোগ্য বলে নির্বাচিত হয়েছেন। সেই সঙ্গে সংশ্লিষ্ট অনুষদের প্রত্যেকটিতে আসনের আনুপাতিক হারে ছাত্র-ছাত্রীর মেধা ভিত্তিক অপেক্ষমাণ তালিকা প্রকাশ করা হ'ল।

ভর্তি নীতিমালা মোতাবেক মেধা, পছন্দ ও কোটা ভিত্তিতে ফলাফল চূড়ান্ত করা হয়েছে। প্রার্থী যে অনুষদে ভর্তির জন্য নির্বাচিত হয়েছেন সেই অনুষদেই ভর্তি হবেন। অনুষদ পরিবর্তনের আবেদন কোন অবস্থাতেই গ্রহণযোগ্য হবে না। ভর্তির পর কোন ছাত্র-ছাত্রী ইনস্টিটিউটে পড়িতে অনিচ্ছুক হলে সেই ছাত্র-ছাত্রী এবং তাহার অভিভাবক ক্লাস শুরু হবার ৩০ দিনের মধ্যে অধ্যক্ষের নিকট লিখিতভাবে ভর্তি বাতিল করার জন্য আবেদন করে মূল সার্টিফিকেট/মার্কশিট ফেরত নিতে পারবেন।

মূল সার্টিফিকেট, মার্কশিট ও অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র স্ব স্ব অধ্যক্ষের কার্যালয়ের কোর্স সমাপ্ত না হওয়া পর্যন্ত জমা থাকবে। অধ্যক্ষ কর্তৃক গঠিত স্থানীয় ভর্তি কমিটি দাখিলকৃত সনদপত্র ভর্তি বিজ্ঞপ্তি অনুযায়ী পরীক্ষা-নিরীক্ষা করে দেখবেন। সংশ্লিষ্ট অধ্যক্ষ, ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড তাদের শারীরিক পরীক্ষা করবেন। উল্লেখিত নিয়মাবলী সম্পাদনের পর তাদেরকে সাময়িকভাবে ভর্তি করা হবে। যদি কোন প্রার্থীর দাখিলকৃত সনদপত্রের মধ্যে ভুলত্রুটি পরিলক্ষিত হয় অথবা সে যদি শারীরিক পরীক্ষায় অযোগ্য বলে বিবেচিত হয় অথবা ভর্তি পরবর্তী কোন তথ্য ভুল/অসত্য প্রমাণিত হয়, তবে তাহার ভর্তি বাতিল বলে গণ্য হবে। ভর্তি সংক্রান্ত অন্যান্য তথ্যাদি স্ব স্ব প্রতিষ্ঠানের কার্যালয় ও স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েবসাইটে www.dghs.gov.bd হতে জানা যাবে। ভর্তির সময় নির্বাচিত প্রার্থীদের প্রবেশপত্রসহ নিম্নলিখিত মূল সনদপত্র স্ব স্ব প্রতিষ্ঠানে জমা দিতে হবেঃ

(ক) এসএসসি (বিজ্ঞান) ও এইচএসসি (বিজ্ঞান) অথবা সমমান (বিজ্ঞান) পরীক্ষার পাসের সনদ পত্রের কপি।

(খ) এসএসসি (বিজ্ঞান) ও এইচএসসি (বিজ্ঞান) অথবা সমমান (বিজ্ঞান) পরীক্ষার পাসের নম্বর পত্র।

(গ) ডিপ্লোমা পাস প্রার্থীদের জন্য সংশ্লিষ্ট বিষয়ে রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ হইতে ডিপ্লোমা পাসের সনদ/প্রসংসাপত্রের সত্যায়িত অনুলিপি।

(ঘ) চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে নিয়োগপত্র, যোগদানপত্র এবং চাকুরীকালের বিবরণ সম্বলিত প্রত্যয়নপত্রের সত্যায়িত অনুলিপি।

(ঙ) উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে নিজ নিজ জেলা প্রশাসক এবং গোত্র প্রধানের স্বাক্ষরিত সনদপত্র।

(চ) মহান মুক্তিযুদ্ধে অংশগ্রহণের স্বপক্ষে ১৯৯৭-২০০১ইং সাল পর্যন্ত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের অধীনে তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত সনদ বা মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় গঠনের পর থেকে মাননীয় মন্ত্রী/প্রতি-মন্ত্রী ও সচিব স্বাক্ষরিত সনদ। মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং পুত্র কন্যাদের পুত্র কন্যার ক্ষেত্রে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং ০৫.১৭০.০২২.০৭.০১.০১৪.২০১১-১৮১ তারিখ : ০৯ মে, ২০১১ খ্রীস্টাব্দের জারিকৃত বিধি অনুসরণ করতে হবে।

(ছ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৪ (চার) কপি রঙ্গিন সত্যায়িত ছবি।

আগামী ১৫-১২-২০১৫ইং হতে ৩১-১২-২০১৫ইং অফিস চলাকালীন সময় পর্যন্ত কলেজ কর্তৃপক্ষ এবং ছাত্র-ছাত্রীবৃন্দকে অবশ্যই ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। উক্ত তারিখের পর ভর্তির আবেদন কোন অবস্থাতেই বিবেচনা করা হবে না। ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের নীতিমালানুযায়ী কলেজ/অনুষদ বদলির কোন সুযোগ নেই। ফেব্রুয়ারি/২০১৬ইং মাসের দ্বিতীয় সপ্তাহে ক্লাস শুরু হইবে।


অধ্যাপক ডাঃ মোঃ আব্দুর রশিদ
পরিচালক
চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ফোন : ৯৮৪৫৪০০, ফ্যাক্স-৯৮৮৬৬১২
E-mail: medicaledu313@gmail.com


জি-৩০২৪/১২/১৫ (৮″x৪)